জনতা ব্যাংক লিমিটেড
Janata Bank Limited
প্রধান কার্যালয় ঃ জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website: www.jb.com.bd, SWIFT : JANBBDDH
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫, ৯৫৬০০২৭-৩০, ৯৫৬০০৪২-৪৫, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৬৬০২৮-২৯, বর্ধিতঃ ৫৪৯ ও ২০৫।
এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট
ফোন ঃ ৯৫৫৮৩৮৬

সূত্র: এএমএল/সিইও এন্ড এমডি/০১/২০২০/৪২

তারিখ: ০৯/০১/২০২০

মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
সকল বিভাগীয় অফিস/এরিয়া অফিস
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা
কর্পোরেট ১ ও ২ শাখা/অন্যান্য সকল শাখা, বাংলাদেশ।

বিষয় ঃ মানিলন্ডারিং প্রতিরোধ আইন ও সন্ত্রাস বিরোধী আইন সম্পর্কিত কার্যাদি শাখা পর্যায়ে যথাযথভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সকলের প্রতি রইল নববর্ষের আন্তরিক শুভেচ্ছা।

আপনারা অবগত আছেন যে, বিশ্বব্যাপী ধ্বংসাত্মক অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিরোধকল্পে জাতিসংঘ, দি ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সসহ আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা কর্তৃক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড সুপারিশ করা হয়েছে। আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার প্রত্যক্ষ/পরোক্ষ সদস্য হিসেবে উক্ত মানদণ্ড পরিপালন ব্যবস্থা সমুন্নত রাখার মাধ্যমে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে (এএমএল/সিএফটি) একটি সুসংগঠিত প্রতিরোধ বলয় গড়ে তুলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অঙ্গীকারাবদ্ধ। এ প্রেক্ষিতে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, মানিলন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০১৫, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯, সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ বাস্তবায়নের জন্য ব্যাংকসমূহের উপর সুনির্দিষ্ট দায়িত্ব অর্পিত আছে।

বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন সার্কুলারের নির্দেশনা ও পরামর্শের আলোকে এ ব্যাংকের প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে জারীকৃত প্রয়োজনীয় সার্কুলার/পত্র নির্দেশনা মোতাবেক প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পরিপালনের মাধ্যমে প্রতিষ্ঠানের সুনাম অক্ষুন্ন রেখে মাঠ পর্যায়ে নিম্নবর্ণিত কার্যাদি পরিপালনের জন্য সকলকে পুনরায় নির্দেশ প্রদান করা হলোঃ

১। বিএফআইইউ এর পরামর্শক্রমে এ ব্যাংকের জন্য গৃহিত Time Bound Action Plan অনুযায়ী আগামী ৩১ মার্চ, ২০২০ তারিখের মধ্যে শাখাসমূহে চলমান সকল হিসাবের KYC ও TP হালনাগাদ করে T-24 Software এ পোষ্টিং সম্পাদন করতে হবে;

২। উচ্চ ঝুঁকিসম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ১ বৎসর পর পর এবং নিম্ন ঝুঁকিসম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ৫ বৎসর পর পর KYC হালনাগাদ করতে হবে;

৩। মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন, সার্কুলার, পলিসি, গাইডলাইন্স ইত্যাদি বিষয়ে BAMLCO সহ সকল নির্বাহী/কর্মকর্তার সম্যক/হালনাগাদ জ্ঞান থাকতে হবে। উল্লেখ্য এ ব্যাংকের ওয়েবসাইটে এ সংক্রান্ত আইন, সার্কুলার, পলিসি, গাইডলাইন্স আপলোডকৃত আছে।

৪। এএমএল বিষয়ে প্রশিক্ষণবিহীন নির্বাহী/কর্মকর্তাকে জরুরী ভিত্তিতে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে স্ব স্ব বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ের এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্টে চাহিদাপত্র প্রেরণ করতে হবে ।

৫। BAMLCO তার উপর অর্পিত এ সংক্রান্ত দায়িত্ব গুরুত্বের সাথে পরিপালন করবেন, যেমন-নিয়মিতভাবে সুনির্দিষ্ট আলোচ্যসূচীসহ ত্রৈমাসিক সভা করা, BAMLCO অফিস অর্ডার ফাইল, এএমএল বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত ফাইলসহ এ সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পর্কিত যাবতীয় ফাইল হালনাগাদ করতঃ দ্রুত হস্তগত হয় এমন স্থানে সংরক্ষণ করা।

৬। নতুন হিসাব খোলার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালাসহ Customer Acceptance Policy (গ্রাহক নির্বাচন নীতিমালা) মোতাবেক NID যাচাই, Sanction Screenig, False Positive তালিকা সংরক্ষণ ও ঠিকানা যাচাইকল্পে ধন্যবাদ জ্ঞাপন পত্র/সরেজমিনে পরিদর্শন করতে হবে।

৭। হিসাবধারী ব্যতিত অন্য কাউকে (Walk-in Customer) লেনদেনের সুবিধা প্রদানের ক্ষেত্রে (যেমন ডিডি, টিটি, এমটি, পে-অর্ডার বা অনলাইন লেনদেন ইত্যাদি) সহজতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। প্রতি মাসের রিপোর্টযোগ্য সকল নগদ লেনদেন বিবরণী (CTR) পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে JB Middleware for goAML এর মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। নিয়মিতভাবে CTR পর্যালোচনাসহ Risk Grading অনুযায়ী ঝুঁকিপূর্ণ, PEPs এবং IPs হিসাবের লেনদেন অতিরিক্ত সতর্কতাসহ মনিটর করতে হবে এবং সন্দেহজনক লেনদেন পাওয়া গেলে তা দ্রুত সরাসরি এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্টে রিপোর্ট করতে হবে।

১০। যে সকল ঋণের পারফরমেন্স ভাল না তা পর্যালোচনাপূর্বক মানিলন্ডারিং, বিদেশে অর্থ পাচার, ভুয়া কাগজপত্র প্রদানসহ জাল জালিয়াতির সংশ্লেষ পাওয়া গেলে অবিলম্বে সন্দেহজনক লেনদেন হিসেবে সরাসরি এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট বরাবর রিপোর্ট করতে হবে।

১১। Self Assesment বিবরণী চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন করতে হবে । উক্ত সভায় শাখার চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভব না হলে তা বিবরণীতে লিপিবদ্ধ করে ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে স্ব স্ব এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

চলমান পাতা- ২

জনতা ব্যাংক লিমিটেড
Janata Bank Limited
প্রধান কার্যালয় ঃ জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website: www.jb.com.bd, SWIFT : JANBBDDH
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫, ৯৫৬০০২৭-৩০, ৯৫৬০০৪২-৪৫, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৬৬০২৮-২৯, বর্ধিতঃ ৫৪৯ ও ২০৫।
এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট
ফোন ঃ ৯৫৫৮৩৮৬



বিষয় ঃ মানিলন্ডারিং প্রতিরোধ আইন ও সন্ত্রাস বিরোধী আইন সম্পর্কিত কার্যাদি শাখা পর্যায়ে যথাযথভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

১২। Self Assesment বিবরণী চুড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন করতে হবে । উক্ত সভায় শাখার চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভব না হলে তা বিবরণীতে লিপিবদ্ধ করে ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে স্ব স্ব এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১৩। বাণিজ্যভিত্তিক (Trade Based) মানিলন্ডারিং প্রতিরোধে নিম্নবর্ণিত কার্যক্রম অনুসরন করতে হবে এবং নিম্নবর্ণিত যে কোন বিষয়ে গড়মিল/অসামঞ্জস্য পরিলক্ষিত হলে অবিলম্বে এসটিআর প্রস্তুতপূর্বক সরাসরি এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে ঃ

- ইমপোর্ট /এক্সপোর্ট এলসি এর আবেদনকারী/বেনিফিশিয়ারির ক্রেডিট রিপোর্ট নিতে হবে এবং Sanction Screenig করতে হবে;
- গ্রাহকের বিদ্যমান ব্যবসার সাথে অসংগতিপূর্ণ কোন এক্সপোর্ট বিল পারচেজ/ইম্পোর্ট এলসি ইস্যু না করা;
- কোনভাবেই কোন শেল ব্যাংকের এলসি গ্রহণ/প্রদান এবং শেল কোম্পানীর এলসি খোলা বা এক্সপোর্ট বিল নেগোশিয়েট করা যাবে না;
- Vessel Tracking এর মাধ্যমে Ship এর অবস্থান যাচাই করতে হবে;
- কোনো Sanctioned Vessel / Sanctioned Shipping Lines/ Sanctioned Jurisdiction এ মালামাল যাচ্ছে কিনা তা যাচাই করতে হবে;
- ক্রটিযুক্ত বিল পারচেজ না করা; বিল কালেকশনে প্রেরনের ক্ষেত্রেও যথাযথভাবে স্ক্রুটিনী করতে হবে;
- ওভারডিউ বিল থাকলে উক্ত গ্রাহকের বিল পারচেজের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে;
- আন্ডার/ওভার ইনভয়েসিং, আন্ডার/ওভার শিপমেন্ট ও ভুয়া ডকুমেন্টেশন চিহ্নিত করার বিষয়ে যথাযথ সর্তকতামূলক ব্যবস্থা নিতে হবে;
- Online commodity pricing website হতে আমদানী/রপ্তানী মালামালের মূল্য যাচাই করতে হবে।

সংশ্লিষ্ট সকলকে স্মরণ রাখতে হবে যে, কোন গ্রাহক যেন এ বিষয়ে অহেতুক হয়রানি না হয়। উল্লেখ্য যে, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালনে কোন শাখা সন্তোষজনক মান অর্জন করলে পুরস্কার এবং দূর্বলতা পরিলক্ষিত হলে উক্ত শাখার সংশ্লিষ্ট সকল নির্বাহী /কর্মকর্তাসহ নিয়ন্ত্রণকারী অফিসের সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তাগণের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি জনতা ব্যাংকের সুদক্ষ কর্মীবাহিনীর আন্তরিকতা, দক্ষতা ও প্রচেষ্টার দ্বারা বিএফআইইউ এর নির্দেশনা অনুযায়ী মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদন্ড পরিপালন এবং সরকারের অংগীকার বাস্তবায়নে কার্যকর ভূমিকা রেখে ব্যাংকের ভাবমূর্তি উজ্জ্বল করতে সমর্থ হবো।

আপনাদের বিশ্বস্ত,
স্বা/-
(মোঃ আব্দুছ ছালাম আজাদ)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর

অনুলিপি:

১. সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
২. প্রিন্সিপাল, জনতা ব্যাংক স্টাফ কলেজ, নিউ বেইলী রোড, ঢাকা- AML/CFT সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রমে অধিক সংখ্যক কর্মকর্তা ও কর্মচারীকে অন্তর্ভূক্তির বিষয়ে সচেষ্ট হওয়ার পরামর্শ প্রদান করা হলো;
৩. মহাব্যবস্থাপক-অডিট এন্ড ইন্সপেকশন ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা- এতদসংক্রান্ত বিষয়ে শাখা পরিদর্শনকালে উপরোক্ত নির্দেশনা পরিপালন জোরদার করার জন্য পরামর্শ প্রদান করা হলো;
৪. সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. প্রধান নির্বাহী, জনতা ক্যাপিটাল এন্ড ইনভেস্টমেন্ট লিঃ, ঢাকা;
৬. প্রধান নির্বাহী, জনতা ব্যাংক লিঃ, ইউ.এ.ইস্থ শাখাসমূহ, আবুধাবী, ইউ.এ.ই;
৭. ব্যবস্থাপনা পরিচালক, জনতা এক্সচেঞ্জ কোম্পানী এস.আর.এল,রোম,ইতালি;
৮. প্রেসিডেন্ট এন্ড সিইও, জনতা এক্সচেঞ্জ কোম্পানী আইএনসি.(জেইসিআই), যুক্তরাষ্ট্র।

সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর